

# 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১২১২

পর্ব - ১০% দণ্ড বিধি (كتاب الحدود)

পরিচ্ছেদঃ ১. ব্যভিচারীর দণ্ড - সন্তান প্রসব করা পর্যন্ত গর্ভবতীর রজম (পাথর নিক্ষেপ করা) বিলম্বিত করা

### আরবী

وَعَنْ عِمْرَانَ بْنِ حَصِينٍ \_ رضي الله عنه: أَنَّ امْرَأَةً مِنْ جُهَيْنَةَ أَتَتْ نَبِيَّ اللَّهِ \_ صلى الله عليه وسلم \_ وَهِيَ حُبْلَى مِنَ الزِّنَا \_ فَقَالَتْ: يَا نَبِيَّ اللَّهِ! أَصَبُتُ حَدَّا, فَأَقِمْهُ عَلَيَّ, فَدَعَا نَبِيُّ اللَّهِ \_ صلى الله عليه وسلم \_ وَلِيَّهَا. فَقَالَ: «أَحْسِنْ إِلَيْهَا فَإِذَا وَضَعَتْ فَدَعَا نَبِيُّ اللَّهِ \_ صلى الله عليه وسلم \_ وَلِيَّهَا. فَقَالَ: «أَحْسِنْ إِلَيْهَا فَإِذَا وَضَعَتْ فَالْتِنِي بِهَا». فَفَعَلَ. فَأَمَرَ بِهَا فَشُكَّتْ عَلَيْهَا ثِيَابُهَا, ثُمَّ أَمَرَ بِهَا فَرُجِمَتْ, ثُمَّ صَلَّى عَلَيْهَا, فَقَالَ عُمَرُ: أَتُصَلِّي عَلَيْهَا يَا نَبِيَّ اللَّهِ وَقَدْ زَنَتْ فَقَالَ: «لَقَدْ تَابَتْ تَوْبَةً لَوْ قُسِمَتْ بَيْنَ سَبْعِينَ مِنْ أَهْلِ الْمَدِينَةِ لَوَسِعَتْهُمْ, وَهَلْ وَجَدَتْ أَفَضَلَ مِنْ أَنْ جَادَتْ بِنَفْسِهَا لِلَّهِ?». وَاللَّهُ مُشلَمٌ

صحیح رواه مسلم (1696)

#### বাংলা

১২১২। ইমরান ইবনু হুসাইন (রাঃ) হতে বর্ণিত; জুহাইনাহ গোত্রের কোন এক স্ত্রীলোক যিনার দ্বারা অন্তঃসত্ত্বা অবস্থায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকটে হাজির হয়ে বললঃ হে আল্লাহর নবী! আমি হন্দের উপযুক্ত হয়েছি, আপনি আমার উপর যিনার হন্দ কায়িম করুন (প্রস্তরাঘাতে হত্যা করে আমার প্রায়শ্চিত্ত বা তাওবার ব্যবস্থা করুন)। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার ওয়ালীকে (অভিভাবককে) ডাকালেন ও বললেন, তার সাথে ভাল ব্যবহার কর, সন্তান প্রসব করলে আমার নিকটে তাকে নিয়ে এসো।

অভিভাবক তাই করলো (সন্তান প্রসব করার পর তাকে নবীর দরবারে নিয়ে এলো); রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার পরনের কাপড় শক্ত করে বেঁধে দিতে আদেশ করলেন, তারপর তার আদেশক্রমে তাকে রজম করা হলো। তারপর তার জানাযা নামায পড়ালেন। উমার (রাঃ) বললেন: হে আল্লাহর নবী! সে ব্যভিচার করেছে



তবু আপনি তার জানাযা নামায পড়লেন? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উত্তরে বলেন, সে তো এমন তওবা করেছে যে, যদি তা মদীনাবাসীর ৭০ জনের মধ্যে বন্টন করে দেয়া হয় তবে তাদের জন্য তার এ তওবা যথেষ্ট হয়ে যাবে। (হে উমার!) তুমি কি এর চেয়ে উৎকৃষ্ট কোন ব্যক্তি পেয়েছ? যে স্বয়ং আল্লাহর জন্য প্রাণ বিসর্জন করেছে। সহীহ মুসলিম[1]

### **English**

'Imran bin Husain (RAA) narrated, 'A woman from Juhainah came to the Prophet (\*\*) while she was pregnant due to committing adultery and said, 'O Messenger of Allah! I have done something for which a prescribed punishment is to be inflicted, so please inflict it on me. The Messenger of Allah (\*\*) called her guardian and said, "Be good to her, and when she delivers bring her back to me." Her guardian brought her back when she had delivered and the Messenger of Allah (\*\*) gave his commands and her clothes were tied around her and then the Prophet (\*\*) gave his commands and she was stoned to death. The Messenger of Allah (\*\*) offered funeral prayer for her and thereupon 'Umar said, 'O Messenger of Allah! You offer funeral prayer for her even though she committed adultery?' The Messenger of Allah (\*\*) replied, "She has offered such a repentance (for her sin) that if it was divided between seventy of the inhabitants of Madinah, it would be sufficient for them. Have you found such repentance better than sacrificing her life for the sake of Allah, the Almighty?" Related by Muslim.

## ফুটনোট

[1] মুসলিম ১৬৯৬, তিরমিয়ী ১৪৩৫, নাসায়ী ১৯৯৭, আর দাউদ ৪৪৪০, ইবনু মাজাহ ২৫৫৫, আহমাদ ১৯৩৬০, ১৯৪০২, দারেমী ২৩২৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন